ভারতের সর্বাধিক প্রচারিত বাংলা দৈনিক সংবাদপত্র



# রোজদিন



বাংলার মানুষের সাথে, মানুষের পাশে

ROSEDIN ● Vol. - 2 ● Issue - 132 ● Prgi No. : WBBEN/25/A1189 ● Govt. of India Reg No. : WB18D0018520 (UAN) ● ISBN No. : 978-93-5918-830-0 ● Website : www.rosedin.in

ই-পেপার ● বর্ষ ঃ ৬ ● সংখ্যা ঃ ১৩২ ● কলকাতা ● ০২ জ্যৈষ্ঠ, ১৪৩৩ ● রবিবার ● ১৭ মে ২০২৬ ● পৃষ্ঠা - ৮ ● মূল্য - ৫ টাকা

# ফলতার সভা থেকে তৃণমূলের দুই প্রধান মুখকে নিশানা করেন মুখ্যমন্ত্রী




**স্টাফ রিপোর্টার, রোজদিন**

আরজি করে ধর্ষণ এবং খুনের মামলায় ফের প্রাক্তন মুখ্যমন্ত্রী মমতা বন্দ্যোপাধ্যায়কে নিশানা করলেন বর্তমান মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। একই সঙ্গে অভিষেক বন্দ্যোপাধ্যায়ের সম্পত্তি নিয়েও হুঁশিয়ারি দিলেন তিনি। শনিবার মুখ্যমন্ত্রীর নির্ঘোষ, দুই 'কাণ্ডেরই' শেষ দেখে ছাড়বেন। তাঁর অভিযোগ, আরজি করে তরুণী চিকিৎসকের ধর্ষণ, খুনের ঘটনায় মূল অভিযুক্তদের আড়াল করার চেষ্টা করেছিল পূর্বতন সরকার। অন্য দিকে, তৃণমূল সরকারে থাকার সুবাদে হিসাব-বহির্ভূত সম্পত্তি বৃদ্ধি হয়েছে সাংসদ অভিষেকের। শুভেন্দুর আরজি কর মন্তব্য প্রসঙ্গে তৃণমূল বিধায়ক তথা ওই দলের মুখপাত্র কুণাল ঘোষের ব্যাখ্যা, ''আরজি করের ঘটনায় পুলিশ যাকে গ্রেফতার করেছিল, সিবিআই তাঁকে ছাড়া আর কাউকে পায়নি। এখন নতুন সরকার পুলিশকে সাসপেন্ড করেছে।'' কুণালের প্রশ্ন, ''আরজি করের সময় যে সব মনগড়া কথা, রটনা উড়ছিল, সেই 'উইশলিস্ট' পূরণ করতেই কি এই পদক্ষেপ?'' অন্য দিকে, অভিষেকের সম্পত্তি সংক্রান্ত বিষয়ে কুণাল বলেন, ''লিপস্ অ্যান্ড বাউন্ডস্ সংস্থার সঙ্গে তৃণমূলের কোনও সম্পর্ক নেই। তাই দলের মুখপাত্র হিসাবে এ

এরপর ৩ পাতায়




## পর্ব 291

## হিমালয়ের সমর্পণ যোগ



তুমি ঐ কিরণকে জাগাও। তুমি নিজের ভিতর এই ইচ্ছা জাগ্রত কর যে আমাকে আমার সর্বস্ব দিতে হবে। তুমি চাইলে দিতে পার। মাতৃত্বের ভাব তোমার ভিতর জন্মজাত আছে। ঐ মাতৃত্বের ভাবকে জাগাও। তোমার ভিতর স্ত্রী-সুলভ ভাবনা আছে, তাকে জাগাও। পুরুষ পেতে পারে, কিন্তু দিতে পারে না। স্ত্রী পেতেও পারে, দিতেও পারে। **ক্রমশঃ**

# ক্যানিংয়ে গ্রেফতার তৃণমূল বিধায়কের দাদা উত্তম দাস



স্টাফ রিপোর্টার, রোজদিন

ক্যানিং পশ্চিমের তৃণমূল বিধায়ক পরেশরাম দাসের দাদা উত্তম দাসকে গ্রেফতার করেছে পুলিশ।বিজেপি কর্মীকে খুনের চেষ্টার ঘটনায় মদত দেওয়ার অভিযোগ রয়েছে তাঁর বিরুদ্ধে। রাতেই বাড়ির সামনে থেকে তুলে নিয়ে যাওয়া হয়েছে তাঁকে। উত্তম ক্যানিং ১ পঞ্চায়েত সমিতির সভাপতি এবং এলাকার দাপুটে নেতা। তাঁর গ্রেফতারির পর এলাকায় উত্তেজনা ছড়িয়েছে। তাঁর অনুগামীরা অনেকে রাতেই থানার সামনে জমায়েত করেছিলেন। তবে পুলিশ ও কেন্দ্রীয় বাহিনী তাঁদের ছত্রভঙ্গ করেছে। এ বারের বিধানসভা ভোটে রাজ্যে বিজেপির ঝড়ে মুখ থুবড়ে পড়েছে তৃণমূল। ২০৭টি আসনে বিজেপি জিতেছে। তৃণমূলের দখলে রয়েছে ৮০টি কেন্দ্র। তবে ক্যানিং পশ্চিমে তৃণমূলের পরেশরাম জিতেছেন ৪০ হাজারেরও বেশি ভোটে। এই পরিস্থিতিতে রাজ্যের নানা প্রান্তে বিজেপির বিরুদ্ধে ভোট-পরবর্তী হিংসার অভিযোগ তুলেছে প্রাক্তন শাসকদল। গত ৪ মে পশ্চিমবঙ্গের বিধানসভা নির্বাচনের ফলঘোষণা হয়েছে। ভোটগণনা চলাকালীনই ক্যানিংয়ের দিঘিরপাড় গ্রামে আক্রান্ত হন বিজেপি কর্মী অর্ঘ্যদীপ বসু। অভিযোগ, তাঁকে লক্ষ্য করে কেউ বা কারা গুলি ছোড়ে। গুলি লাগে বিজেপি কর্মীর ডান পায়ে। সেই ঘটনায় জড়িত সন্দেহেই উত্তমকে গ্রেফতার করল পুলিশ। শুক্রবার রাতে ক্যানিংয়ের মিঠাখালি গ্রামে উত্তমের বাড়ির সামনে থেকে তাঁকে ধরে নিয়ে যাওয়া হয়। পুলিশের সঙ্গে ছিল কেন্দ্রীয় বাহিনীও। গ্রেফতারির সময় উত্তমের বাড়ি ঘিরে রেখেছিলেন কেন্দ্রীয় জওয়ানেরা। রাতে উত্তমকে থানায় নিয়ে যাওয়ার পর সেখানে তাঁর অনেক অনুগামী পৌঁছে যান। অতীতে ক্যানিং এলাকায় থানা থেকে ধৃতদের ছিনতাই করে নিয়ে যাওয়া কিংবা পুলিশের উপর হামলার মতো ঘটনা ঘটেছে। উত্তমের গ্রেফতারিকে কেন্দ্র করে তেমন কোনও পরিস্থিতি যাতে তৈরি না-হয়, সে দিকে বাড়তি নজর দিয়েছিল পুলিশ। নিরাপত্তা ব্যবস্থা আগের চেয়ে জোরদার করা হয়েছিল। থানার বাইরে ছিল কঠোর প্রহরা। তা সত্ত্বেও থানার বাইরে ভিড় বাড়তে শুরু করে। শেষমেশ কেন্দ্রীয় বাহিনী এবং পুলিশ জমায়েত ছত্রভঙ্গ করে দেয়। উত্তমের গ্রেফতারির পর থেকে এলাকা উত্তপ্ত। তাঁকে শনিবার আদালতে হাজির করানো হতে পারে।

# ডেঙ্গু প্রতিরোধে বর্ণাঢ্য সচেতনতা র‍্যালির মাধ্যমে বেলিয়াবেড়ায় পালিত জাতীয় ডেঙ্গু দিবস

অরূপ ঘোষ, ঝাড়গ্রাম

ডেঙ্গু প্রতিরোধে সাধারণ মানুষের মধ্যে সচেতনতা বাড়াতে শনিবার দুপুরে ঝাড়গ্রাম জেলার গোপীবল্লভপুর ২ নম্বর ব্লকের বেলিয়াবেড়া ব্লক অফিস চত্বরে পালিত হলো জাতীয় ডেঙ্গু দিবস। বেলিয়াবেড়া ব্লক প্রশাসন ও পঞ্চায়েত সমিতির উদ্যোগে এদিন একটি বর্ণাঢ্য সচেতনতা র‍্যালির আয়োজন করা হয়। র‍্যালিতে অংশ নেন ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারিক রাহুল বিশ্বাস, জয়েন্ট বিডিও রাজীব মুর্মু, ব্লক প্রশাসনের অন্যান্য আধিকারিক, স্বাস্থ্যকর্মী, আশাকর্মী ও স্থানীয় বাসিন্দারা। র‍্যালির মাধ্যমে ডেঙ্গু প্রতিরোধে বিভিন্ন সচেতনতামূলক বার্তা সাধারণ মানুষের কাছে তুলে ধরা হয়। প্রশাসনের পক্ষ থেকে জানানো হয়, এডিস মশা সাধারণত পরিষ্কার জমা জলে ডিম পাড়ে এবং সেখান থেকেই ডেঙ্গুর সংক্রমণ ছড়ায়। তাই বাড়ির আশেপাশে কোথাও জল জমতে না দেওয়ার উপর বিশেষ গুরুত্ব দেওয়া হয়। টব, টায়ার, ডাবের খোলা, ফুলের টব কিংবা পরিত্যক্ত পাত্রে জল জমে থাকলে তা দ্রুত পরিষ্কার করার পরামর্শ দেওয়া হয়। পাশাপাশি বাড়ির জলের ট্যাংক, বালতি ও ড্রাম নিয়মিত পরিষ্কার করে শক্ত ঢাকনা দিয়ে ঢেকে রাখার কথাও

এরপর ৪ পাতায়

# মুখ্যমন্ত্রী শুভেন্দুকে স্বাগত জানাতে হাজির ডায়মন্ডহারবারের তৃণমূল বিধায়ক, নামল জনতার ঢল



স্টাফ রিপোর্টার, রোজদিন

পশ্চিমবঙ্গে এখন নতুন সরকার তৈরি হয়েছে। মুখ্যমন্ত্রী পদে বসেই জেলা সফর শুরু করেছেন শুভেন্দু অধিকারী। আর তার মধ্যেই প্রথম প্রশাসনিক বৈঠক করতে ডায়মন্ডহারবারে এসেছেন মুখ্যমন্ত্রী। সেখানেই দেখা গেল অবাক করা দৃশ্য। মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর সঙ্গে দেখা করতে হাজির হলেন তৃণমূলের এক বিধায়ক।এছাড়া পুলিশকর্তাদের সঙ্গে যখন বৈঠক করছেন মুখ্যমন্ত্রী তখন বিধায়ক পান্নালাল হালদার দাঁড়িয়ে বাইরে। প্রশ্ন করতেই তিনি বলেন, 'আমি তো দেখা করতে এসেছি। শুভেচ্ছা জানাতে এসেছি। উনি তো বিধায়কদের ডেকেছেন। বৈঠক করতে নয়, উনি আমাকে ব্যক্তিগতভাবে অনুরোধ করেছেন। আর তাই আমি এসেছি। একজন মুখ্যমন্ত্রী আসছেন। আমি মনে করি, একজন বিধায়ক হিসাবে আমার তাঁকে স্বাগত জানানো উচিত। দলের অনুমতি নিয়ে আসিনি। মুখ্যমন্ত্রী ডায়মন্ডহারবারে আসছেন। উনি আমাকে ব্যক্তিগতভাবে বলেছেন, আমি তাই এসেছি। আমি ওঁর সঙ্গে দেখা করে ফিরে যাব। আমি তো মিটিংয়ে যাচ্ছি না। শুধু দেখা করতে এসেছি। দেখা করে ধন্যবাদ জানাব। আমার হাত ধরে বলেছে, পান্নাদা তুমি থেকো। আমি বলেছিলাম, প্রোটোকল তো থাকবে। বলেছিল, তবুও তুমি থেকো। আমি এসেছি। চলে

এরপর ৪ পাতায়

(১ম পাতার পর)

# ফলতার সভা থেকে তৃণমূলের দুই প্রধান মুখকে নিশানা করেন মুখ্যমন্ত্রী

আইপিএস সাসপেন্ড হয়েছেন। এ জেলাতেও ছাড়া হবে না। বিজেপি প্রার্থী বিশ্বজিৎ পালকে প্রকাশ্যে মেরেছিল। (তাই) বারুইপুরের আইসি সাসপেন্ড! ক্যানিংয়ে বিজেপি কর্মীর উপর অত্যাচার করেছিল। (তাই) আইসি অমিত হাতি সাসপেন্ড!''

শুভেন্দু জানিয়েছেন, ডায়মন্ড হারবার পুলিশ জেলার অফিসারদের তিনি কল রেকর্ডস্, হোয়াটস্অ্যাপ চ্যাট জমা দিতে বলেছেন। তাঁর কথায়, ''ভাইপোর পিএ-র নির্দেশে কারা কারা ফলতা, ডায়মন্ড হারবার তথা দক্ষিণ ২৪ পরগনায় অত্যাচার করেছেন, সব বার করব।'' সেই সময় আবার আরজি কর প্রসঙ্গ টেনে বলেন, ''বিনীত গোয়েল, ইন্দিরা মুখোপাধ্যায়, অভিষেক গুপ্তদের কল রেকর্ড, চ্যাট যখন তদন্তকারীর সামনে আনবেন, সে দিন দেখতে পাবেন, আগের সরকারের কুকীর্তি। কত নীচে নেমেছিলেন!''

মুখ্যমন্ত্রী কারও নাম না-করে জানান, তিনি অভিষেকের সম্পত্তি সংক্রান্ত নথি এবং তথ্য সংগ্রহ করেছেন। তারও তদন্ত হবে। তাঁর কথায়, ''মাননীয় ভাইপোবাবু, কাল প্রপার্টির লিস্ট আনালাম কলকাতা কর্পোরেশন থেকে। আপনার লিপস্ অ্যান্ড বাউন্ডসের ২৪টি প্রপার্টি (সম্পত্তি) কলকাতায়। আমতলায় (দক্ষিণ ২৪ পরগনা) প্রাসাদের মতো অফিস! ...হিসাব হবে।''

নিয়োগ দুর্নীতি মামলায় বার বার আলোচনায় উঠে এসেছে 'লিপস্ অ্যান্ড বাউন্ডস্' নামক সংস্থাটি। ইডির অভিযোগ, ওই সংস্থার মাধ্যমে দুর্নীতির কোটি কোটি টাকা লেনদেন হয়েছে কিংবা সাদা করা হয়েছে। বার বার সেই অভিযোগ নস্যাৎ করেছেন তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক। কয়েক বার ইডির তলবে হাজিরাও দিয়েছেন তিনি।

শুধু সম্পত্তি সংক্রান্ত অভিযোগ করে থেমে থাকেননি শুভেন্দু। অভিষেকের বিরুদ্ধে নির্বাচনী আবহে সন্ত্রাস, পুলিশকে কাজে লাগিয়ে বিরোধীদের হয়রানির অভিযোগও করেছেন। বিধানসভা নির্বাচনের ফলপ্রকাশের পর জায়গায় জায়গায় তৃণমূল নেতা-কর্মীদের উপর হামলার অভিযোগ করছেন অভিষেক। তার পাল্টা হিসাবে শুভেন্দুর মন্তব্য, ''কত জন ঘরছাড়া আছে দেখান আমাকে।'' শুক্রবার বিধানসভায় বিরোধী দলনেতা শোভনদেব চট্টোপাধ্যায়ের সঙ্গে বাক্যালাপ তুলে ধরে তিনি বলেন, ''আমরা বলি না, চার তারিখ ফলঘোষণার দিন দুপুর ১২টার পর ডিজে বাজবে। আমাদের রাজ্য সভাপতি বলেন, 'অভিনন্দন যাত্রা করুন। অনিচ্ছুকের গায়ে আবির দেবেন না।' এটাই বিজেপি।'' অভিষেককে উদ্দেশ্য করে শুভেন্দু এ-ও বলেন, ''আপনারা কী করেছেন আমরা জানি না? পুলিশকে ব্যবহার করে ২০২৩ সালের ৩ ডিসেম্বর আমার সভায় আসা লোকগুলোকে কী ভাবে মেরেছিলেন! আমি ভুলিনি।'' শ্লেষের সঙ্গে মুখ্যমন্ত্রীর সংযোজন, ''পৃথিবীটা গোল। চিরদিনই কাহারো সমান নাহি যায়। ভুলব কী করে এগুলো! মানুষ তো শুধু চেয়ারে বসিয়ে দেয়নি। মানুষ বিচার চেয়েছে। এটা শুধু নামের বদল নয়, রঙের বদল নয়, এটা দ্বিতীয় স্বাধীনতা বাংলার, গোটা বাংলা নাচছে।''

অভিষেক-ঘনিষ্ঠ ফলতার তৃণমূল প্রার্থী জাহাঙ্গির খানকে হুঁশিয়ারি দিয়ে মুখ্যমন্ত্রী জানান, গত ১০ বছর ফলতার মানুষজন লোকসভা, বিধানসভা এবং পঞ্চায়েত নির্বাচনে ভোটাধিকার প্রয়োগ করতে পারেননি। এ বার তার হিসাব হবে। তাঁর কথায়, ''ফলতায় আসার পথে কুড়ি জায়গায় দাঁড়িয়েছি। একটাই প্রশ্ন ছিল আমার। কত দিন ভোট দিতে পারেননি? সকলে বলল, 'ভাইপো যত দিন এসেছে তত দিন ভোট দিতে পারিনি।''' শুভেন্দুর ব্যাখ্যা, ফলতার নির্বাচন নিছক বিধায়ক নির্বাচিত করার জন্য নয়, সংবিধান অনুযায়ী ভোটাধিকার প্রয়োগের সুষ্ঠু ব্যবস্থা করা। তিনি সেখানকার তৃণমূল প্রার্থী জাহাঙ্গিরের উদ্দেশে জানান, ২০২১ সালে ভোট-পরবর্তী হিংসায় ১৯ জনকে 'নটোরিয়াস ক্রিমিনাল' (কুখ্যাত অপরাধী) বলে ঘোষণা করেছিল মানবাধিকার কমিশন। তার মধ্যে জাহাঙ্গির ছিলেন। ভোট মিটলে তাঁর 'ব্যবস্থা' করার দায়িত্ব তিনি নিচ্ছেন।

মুখ্যমন্ত্রীর কথায়, ''পুলিশকে বলেছি, কাল থেকে খাতা-পেন নিয়ে বসুন। গত ৫ বছর বা তারও আগে যত অত্যাচার হয়েছে, অভিযোগ করতে এলে নিতে হবে। এফআইআর করতে হবে। কোনও গুন্ডা বাড়িতে থাকবে না। পুলিশকে বলেছি, প্রধানমন্ত্রী আবাসের বাড়ি, আমফানের টাকা, কৃষকবন্ধু, বার্ধক্যভাতা, ১০০ দিনের কাজ— ঘুষ যদি নিয়ে থাকে সেই পঞ্চুবাবুদের জেলে ঢোকাবেন। মহিলাদের উপর শারীরিক নির্যাতনকারীরা যদি এখনও জয় বাংলা বলে ঘুরে বেড়াচ্ছেন, তাদেরও ছাড়া হবে না।''

(২ পাতার পর)

## মুখ্যমন্ত্রী শুভেন্দুকে স্বাগত জানাতে হাজির ডায়মন্ডহারবারের তৃণমূল বিধায়ক, নামল জনতার ঢল

যাচ্ছি।'ডায়মন্ডহারবারের সদ্য নির্বাচিত পান্নালাল হালদার পৌঁছে যান জেলা প্রশাসনের দফতরে। তখন বৈঠক শুরু হয়ে গিয়েছিল মুখ্যমন্ত্রীর।

এদিকে ডায়মন্ডহারবারের বিধায়কদেরও বৈঠকে ডাকা হয়েছে। আর তাই বিজেপির বিধায়কদের পাশাপাশি হাজির হয়ে গেলেন তৃণমূল বিধায়ক পান্নালাল হালদার। যা নিয়ে রাজ্য-রাজনীতিতে আলোড়ন পড়ে গিয়েছে। কারণ এখন বিধানসভা নির্বাচনে পরাজিত হয়ে বিরোধী আসনে বসেছে তৃণমূল কংগ্রেস। সেখানে প্রধান বিরোধী দলের বিধায়ক সরাসরি মুখ্যমন্ত্রীর সঙ্গে দেখা করতে গেলেন! এই বিষয়ে দলের অবস্থান কী? তা নিয়ে প্রশ্ন উঠতে শুরু করেছে। ডায়মন্ডহারবার, সুন্দরবন এবং বারুইপুর পুলিশ জেলার পুলিশ আধিকারিক ও দক্ষিণ ২৪ পরগনা জেলা প্রশাসনের শীর্ষ অফিসারদের নিয়ে বৈঠক শুরু হয়েছে।

অন্যদিকে শুভেন্দু অধিকারীকে স্বাগত জানাতে রাস্তার দু'ধারে সাধারণ মানুষের ভিড় ছিল চোখে পড়ার মতো। জেলায় পৌঁছেই পুলিশ প্রশাসনের সঙ্গে বৈঠকে বসেছেন মুখ্যমন্ত্রী। ডায়মন্ডহারবার লোকসভা কেন্দ্রের বিধায়কদের নিয়েও বৈঠক করবেন মুখ্যমন্ত্রী বলে সূত্রের খবর। এই এলাকার যে সমস্ত উন্নয়নমূলক প্রকল্প চলছে সেগুলি সম্পর্কে খোঁজ নেন তিনি। যে আবাসিক হোটেলে পর্যালোচনা এবং প্রশাসনিক বৈঠক চলছে সেখানে রীতিমতো কড়া নিরাপত্তা ব্যবস্থা করা হয়েছে। অনুপ্রবেশ ইস্যু থেকে ভোট পরবর্তী হিংসা নিয়ে একাধিক বিষয়ে পুলিশকে নির্দেশ দিয়েছেন মুখ্যমন্ত্রী বলে সূত্রের খবর।

# সম্পাদকীয়

## মুখ্যমন্ত্রী হওয়ার পর প্রথম উত্তরবঙ্গ সফরে শুভেন্দু অধিকারী!

মুখ্যমন্ত্রী হওয়ার পর প্রথমবার উত্তরবঙ্গ সফরে যাচ্ছেন শুভেন্দু অধিকারী। আগামী বুধবার, ২০ তারিখ তিনি সেখানে প্রশাসনিক বৈঠক করবেন। এই বৈঠকে উত্তরবঙ্গের বিভিন্ন উন্নয়নমূলক বিষয় নিয়ে আলোচনা হওয়ার সম্ভাবনা রয়েছে। এরপর বৃহস্পতিবার, ২১ তারিখ দুর্গাপুরে রাঢ়বঙ্গ সংক্রান্ত প্রশাসনিক বৈঠকে যোগ দেবেন তিনি, যেখানে সংশ্লিষ্ট জেলার প্রশাসনিক বিষয়গুলি পর্যালোচনা করা হবে।সব মিলিয়ে, উত্তরবঙ্গের ৮ জেলার ৫৪টি বিধানসভা কেন্দ্রের মধ্যে অধিকাংশই নিজেদের দখলে রাখল বিজেপি। উল্লেখ্য, ২০১৯-এর লোকসভা নির্বাচনে উত্তরবঙ্গের ৮টি আসনের মধ্যে, সাতটিতেই জয়ী হয়েছিল বিজেপি। তৃণমূলকে খালি হাতে ফিরতে হয়েছিল। কংগ্রেস পেয়েছিল একটি।অন্যদিকে, মুখ্যমন্ত্রী হওয়ার পর এই প্রথম ডায়মন্ড হারবারে প্রশাসনিক বৈঠক করছেন শুভেন্দু অধিকারী। শনিবার এই বৈঠকে উপস্থিত থাকছেন দক্ষিণ ২৪ পরগনার জেলাপুলিশের শীর্ষকর্তারা-সহ জেলা প্রশাসনের আধিকারিকেরা। হাজির জেলা পুলিশের কর্তারা। ডায়মন্ড হারবার যাওয়ার পথে মুখ্যমন্ত্রীকে শুভেচ্ছা জানান সাধারণ মানুষ।

রাজ্যে নতুন বিজেপি সরকার গঠনের পরে জেলাস্তরে এটাই মুখ্যমন্ত্রীর প্রথম প্রশাসনিক বৈঠক। আর সেই বৈঠকের জন্য অভিষেক বন্দ্যোপাধ্যায়ের 'গড়' ডায়মন্ড হারবারকে বেছে নেওয়া যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলে মনে করছে রাজনৈতিক মহল।

বৈঠকে জেলার আইনশৃঙ্খলা পরিস্থিতি, উন্নয়নমূলক প্রকল্পের অগ্রগতি এবং প্রশাসনিক কাজে গতি আনা নিয়ে আলোচনা হবে বলে নবান্ন সূত্রে খবর। ২১ মে ফলতা বিধানসভায় পুনর্নির্বাচনের আগে এই বৈঠককে 'প্রশাসনিক বার্তা' হিসেবেই দেখছে ওয়াকিবহাল মহল।

# জঙ্গলের দেবী মা মনসা



মৃত্যুঞ্জয় সরদার



**(সপ্তম পর্ব)**

গাছকে, মনসা দেবীর আজও পূজা করে চলেছে।আজও আমরা সেই রীতি-রেওয়াজ এখনো মেনে মেনে চলি প্রতি শনি ও মঙ্গলবার এ মনসা দেবী পূজিত হয় আমাদের বাস্তব বাড়ির উপরে।আমার ছোটবেলার দেখার দেবীর সেই ইতিহাস খুঁজতে খুঁজতে বহু পাঠ্যপুস্তক আমি একটু একটু করে পড়ে ফেলি। সেখান থেকে যা তথ্য আমি পেয়েছি আজ সেই আরাধ্য দেবী কে নিয়ে লিখতে বসেছি।দেবী ভাগবত পুরানে আবার মনসাকে কশ্যপ মুনির কন্যা বলা হয়েছে । মহাভারত বলে মনসা দেবী বিবাহিতা । তাঁর

ক্রমশঃ

**(লেখকের অভিমতের জন্য লেখক দায়বদ্ধ)**

(২ পাতার পর)

# ডেঙ্গু প্রতিরোধে বর্ণাঢ্য সচেতনতা র‍্যালির মাধ্যমে বেলিয়াবেড়ায় পালিত জাতীয় ডেঙ্গু দিবস

বলা হয়। বর্ষার সময় বাড়ির ছাদ বা বাগানে জমে থাকা জল দ্রুত সরিয়ে ফেলার আবেদনও জানানো হয়।

এদিন মশার কামড় থেকে বাঁচার বিভিন্ন উপায় সম্পর্কেও সাধারণ মানুষকে সচেতন করা হয়। বিশেষ করে দিনের বেলাতেও মশারি ব্যবহার, জানালা ও দরজায় নেট লাগানো এবং নিরাপদ মশা তাড়ানোর রিপেলেন্ট ব্যবহারের পরামর্শ দেওয়া হয়। গোপীবল্লভপুর ২ নং ব্লকের ব্লক সমষ্টি উন্নয়ন আধিকারিক রাহুল বিশ্বাস জানান, হঠাৎ তীব্র জ্বর, মাথাব্যথা, চোখের পিছনে ব্যথা, শরীরে লাল র‍্যাশ, গাঁটে ও পেশিতে ব্যথার মতো উপসর্গ দেখা দিলে দ্রুত চিকিৎসকের পরামর্শ নেওয়া জরুরি।চিকিৎসকের পরামর্শ ছাড়া কোনো ওষুধ, বিশেষ করে অ্যাসপিরিন বা আইবুপ্রোফেন সেবন না করার পরামর্শ দেওয়া হয়। পাশাপাশি প্রচুর পরিমাণে জল ও তরল খাবার গ্রহণের কথাও বলা হয়।

জাতীয় ডেঙ্গু দিবস উপলক্ষে আয়োজিত এই সচেতনতা কর্মসূচিকে ঘিরে এলাকাবাসীর মধ্যে ব্যাপক সাড়া পড়ে।

## ন্যায় কর্মফলদাতা শনিদেব



-: মৃত্যুঞ্জয় সরদার :-

শনি দ্বাদশে, জন্মরাশিতে ও দ্বিতীয় অবস্থানকালে সাড়ে সাত বছর মানুষকে প্রচণ্ড কষ্ট দেয়। শনিদেবকে নিয়ে বিভিন্ন পুরাণে বিভিন্ন ঘটনার উল্লেখ আছে।স্কন্দ পুরাণ বলে শিপ্রা ও ক্ষাতা নদীর সংযোগস্থলে জন্মগ্রহণ করেই শনি ত্রিলোক আক্রমণ করেন।

ক্রমশঃ

• সতর্কীকরণ •

এই পত্রিকায় প্রকাশিত সমস্ত বিজ্ঞাপনের দায় বিজ্ঞাপনদাতার পাঠকদের যথাযথ অনুসন্ধানের পর আস্থা স্থাপনের অনুরোধ জানাই। বিজ্ঞাপনদাতার ওপর বিশ্বাস রেখে বিজ্ঞাপন ছাপানো হয়। এই ব্যাপারে পত্রিকা কোনো রকম দায়িত্ব নেবে না।

# কোথায় পুষ্পা? ফলতায় দাঁড়িয়ে 'ভাইপোর জাহাঙ্গির'কে তোপ শুভেন্দুর

স্টাফ রিপোর্টার, রোজদিন



২১ মে ফলতা বিধানসভায় নির্বাচন। তার আগেই সেখানেই মুখ্যমন্ত্রী হিসাবে প্রথম রাজনৈতিক সভা করলেন শুভেন্দু অধিকারী ( ।আর সেই সভা থেকেই জাহাঙ্গির খানকে একহাত নিলেন তিনি। একইসঙ্গে নাম না করে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায়কেও একহাত নেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী।এদিন ফলতা থেকে তৃণমূলের সর্বভারতীয় সাধারণ সম্পাদককে আক্রমণ করে শুভেন্দু আরও বলেন, "মাননীয় ভাইপোবাবু, লিপস এন্ড বাউন্সে কাল পুরসভা থেকে তথ্য আনলাম। কলকাতায় ২৪টি সম্পত্তি রয়েছে। আমতলায় বিশাল অফিস।" সমস্ত হিসাব হবে বলে হুঁশিয়ারি মুখ্যমন্ত্রীর। এমনকী অভয়ার প্রসঙ্গ তুলে তিনি জানান, প্রাক্তন মুখ্যমন্ত্রীর ইশারায় অভয়ার সময় যাঁরা প্রমাণ লোপাট করেছেন, ঘুষ দিতে গিয়েছিলেন, তাঁরা সবাই এখন সাসপেন্ড। এখানেও কাউকে ছাড়া হবে না। শুভেন্দুর হুঁশিয়ারি, ডায়মন্ড হারবার পুলিশদের বলেছি, কল রেকর্ডস, হোয়াট্সঅ্যাপ চ্যাট জমা দিতে হবে। ভাইপোর পিএ-র কথায় যারা এই এলাকায় অত্যাচার, অশান্তি করেছেন, সবাইকে বার করা হবে।জাহাঙ্গির খানের উদ্দেশে বলেন, "কোথায় পুষ্পা, দেখা পাওয়া যাচ্ছে না কেন? এবার কাউকে অশান্তি করতে দেওয়া হবে না।" শুধু তাই নয়, শুভেন্দুর কথায়, "২০২১ সালে ভোট পরবর্তী হিংসায় ১৯ জন কুখ্যাত অপরাধীর নাম জানিয়েছিল মানবাধিকার কমিশন। সেই তালিকায় জাহাঙ্গির নাম ছিল। ব্যবস্থা হবে।" শুভেন্দুর কথায়, "২০২১ সালে ভোট পরবর্তী হিংসায় ১৯ জন কুখ্যাত অপরাধীর নাম জানিয়েছিল মানবাধিকার কমিশন। সেই তালিকায় জাহাঙ্গির নাম ছিল। ব্যবস্থা হবে।" ফলতা বিধানসভার একাধিক বুথে ইভিএম কারচুপির অভিযোগ সামনে এসেছিল। গোটা পরিস্থিতি বিচার করে গোটা ফলতা বিধানসভাতেই পুনর্নির্বাচনের নির্দেশ দেয় কমিশন। আগামী ২১ মে ভোট রয়েছে। তার আগে বিজেপি প্রার্থী দেবাংশু পন্ডার হয়ে ফলতায় প্রচার করেন মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারী। আর সেই সভা থেকে তৃণমূল প্রার্থী তথা অভিষেক বন্দ্যোপাধ্যায় ঘনিষ্ঠ জাহাঙ্গির খানকে একহাত নেন তিনি। শুভেন্দু বলেন, "ওই ডাকাতটা কোথায়? পুষ্পা না কী যেন নাম! সাধারণ নির্বাচনের সময় যত অভিযোগ এসেছে, সমস্তটার ব্যবস্থা হবে।" শুধু তাই নয়, এই বিষয়ে নাম না করে অভিষেক বন্দ্যোপাধ্যায়কেও আক্রমণ শানান। মুখ্যমন্ত্রী বলেন, "ফলতা আসার সময় অনেক জায়গায় দাঁড়িয়েছি। অনেক বললেন, ভাইপো যতদিন রয়েছেন, ততদিন ভোট দিতে পারেননি। তবে এবার ফলতায় শান্তিপূর্ণভাবে ভোট হবে বলে আশ্বাস শুভেন্দুর। শুধু তাই নয়, এক লক্ষ ভোটের ব্যবধানে বিজেপি প্রার্থীকে জয়ী করার আহ্বান জানান তিনি। পাশাপাশি বিজেপি জিতলে ফলতার জন্য স্পেশ্যাল ডেভেলপমেন্ট প্যাকেজ হবে বলেও ঘোষণা শুভেন্দু অধিকারীর।

# সুরেন্দ্রনাথ কলেজের কোটি টাকা আত্মসাৎ ছাত্র সংসদের! তদন্ত দাবি করে মুখ্যমন্ত্রীকে চিঠি সজলের



স্টাফ রিপোর্টার, রোজদিন

সুরেন্দ্রনাথ কলেজের ছাত্র সংসদের কোটি কোটি টাকা আত্মসাতের অভিযোগ তুলে মুখ্যমন্ত্রী শুভেন্দু অধিকারীর কাছে শুক্রবার তথ্য পাঠিয়ে তদন্ত দাবি করলেন বরানগরের বিধায়ক সজল ঘোষ । ব্যাঙ্কের পাস বইয়ের তথ্য তুলে চাঞ্চল্যকর অভিযোগ জানিয়ে সজল বলেন, 'কলেজের ছাত্র সংসদের জন্য ছাত্র-ছাত্রীদের কাছ থেকে সাধারণত ৫০-১০০ টাকা নেওয়া হয়।বিজেপির দাবি, এই টাকার অধিকাংশই ভর্তির নাম না করে বেআইনিভাবে ছাত্র-ছাত্রীদের থেকে আদায় করা লক্ষ লক্ষ টাকা। প্রতিবছর এভাবেই কোটি কোটি টাকা আত্মসাতের এই গোটা চক্রের সঙ্গে সুরেন্দ্রনাথ কলেজের শিক্ষক-অশিক্ষক কর্মীদের একাংশ জড়িত বলেও বিজেপির অভিযোগ। সোশাল মিডিয়ায় সজল এই পোস্ট করতেই সেখানে বহু বর্তমান ও প্রাক্তন ছাত্র-ছাত্রী কলেজের অসংখ্য বেনিয়ম নিয়ে সরব হয়েছেন।সেই কালেকশন থেকে কখনও বছরে আড়াই কোটি টাকা ছাত্র সংসদের তহবিলে আসতে পারে না।"

সোশাল মিডিয়ায় নাম না করে সজল ঘোষের এই দুর্নীতি নিয়ে অভিযোগের টার্গেট সুরেন্দ্রনাথ কলেজের সর্বময় কর্তা দেবাশিস মুখোপাধ্যায়। 'কানকাটা' দেবু নামে মধ্য কলকাতায় তিনি পরিচিত। বরানগরের বিধায়কের আরও অভিযোগ, কলেজের সোশাল 'লক্ষ্য' নাম দিয়ে বছরের পর বছর অনুষ্ঠান হয়ে আসছে। ওটা আসলে তৃণমূলের একটি

এরপর ৬ পাতায়

# কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ গান্ধীনগরে 'মধুর ডেয়ারি ইউনিট-২'-এর উদ্বোধন করবেন

স্টাফ রিপোর্টার, রোজদিন

মাননীয় প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদীর "সহকার সে সমৃদ্ধি" (সমবায়ের মাধ্যমে সমৃদ্ধি) মন্ত্রের মধ্য দিয়ে একটি সমৃদ্ধ ও আত্মনির্ভরশীল ভারত গড়ে তোলার রূপকল্পের সঙ্গে সঙ্গতি রেখে এবং মাননীয় কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ-এর নেতৃত্বে, সমবায় মন্ত্রক আধুনিক পরিকাঠামো, প্রযুক্তি-চালিত ব্যবস্থা এবং কৃষক-কেন্দ্রিক উদ্যোগের মাধ্যমে সারা দেশে সমবায় ব্যবস্থাকে ক্রমাগত শক্তিশালী করে চলেছে। এই প্রচেষ্টার অংশ হিসেবে, মাননীয় কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ আগামী ১৭ মে ২০২৬ তারিখে গুজরাটের গান্ধীনগরের দাশেলায় অবস্থিত 'মধুর ডেয়ারি ইউনিট-২'-এর স্বয়ংক্রিয় দুধ প্রক্রিয়াকরণ ও প্যাকেজিং



প্ল্যান্টের উদ্বোধন করবেন। এই অনুষ্ঠানে গুজরাটের মাননীয় মুখ্যমন্ত্রী শ্রী ভূপেন্দ্রভাই প্যাটেল, গুজরাটের মাননীয় উপ-মুখ্যমন্ত্রী শ্রী হর্ষ সাংভি এবং অন্যান্য বিশিষ্ট ব্যক্তিবর্গও উপস্থিত থাকবেন।

এই নতুন ডেয়ারি ইউনিটের উদ্বোধনের ফলে এই অঞ্চলে দুধ প্রক্রিয়াকরণ ও প্যাকেজিং-এর সক্ষমতা উল্লেখযোগ্যভাবে বৃদ্ধি পাবে বলে আশা করা হচ্ছে; পাশাপাশি এটি সমবায়ভিত্তিক ডেয়ারি নেটওয়ার্ককে শক্তিশালী করবে এবং সমবায় খাতের সাথে যুক্ত দুধ উৎপাদনকারীদের জন্য তাদের উৎপাদিত দুধের ন্যায্য মূল্য প্রাপ্তির সুযোগ উন্নত করবে। এই উদ্যোগটি উন্নত প্রযুক্তি, গুণমান নিশ্চিতকরণ ব্যবস্থা এবং দক্ষ প্রক্রিয়াকরণ পরিকাঠামোর মাধ্যমে সমবায়ভিত্তিক ডেয়ারি ব্যবস্থাকে আধুনিকীকরণের লক্ষ্যে সরকারের অঙ্গীকারকেই প্রতিফলিত করে।

অনুষ্ঠান চলাকালীন, মাননীয় কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রী শ্রী অমিত শাহ 'মধুর ডেয়ারি ইউনিট-২'-এর নামফলক উন্মোচন করবেন এবং দুধ প্রক্রিয়াকরণ প্ল্যান্ট ও ভিউইং গ্যালারি পরিদর্শন করবেন। মাননীয় মন্ত্রী কন্ট্রোল রুম থেকে প্ল্যান্টের পরিচালন ব্যবস্থা চালু করার মাধ্যমে আনুষ্ঠানিকভাবে এর উদ্বোধন করবেন।

অনুষ্ঠানে, ডেয়ারি সমবায়ের সঙ্গে যুক্ত নারী দুধ উৎপাদনকারীরা মাননীয় মন্ত্রীকে 'মধুর ডেয়ারি'র পণ্যের একটি কিট উপহার দিয়ে সম্মানিত করবেন; এর মাধ্যমে ভারতের সমবায়ভিত্তিক ডেয়ারি আন্দোলনকে শক্তিশালী করার ক্ষেত্রে নারীদের ক্রমবর্ধমান ভূমিকার বিষয়টি তুলে ধরা হবে।

এই কর্মসূচিতে মাননীয় কেন্দ্রীয় স্বরাষ্ট্র ও সমবায় মন্ত্রীর হাত দিয়ে দুধ উৎপাদনকারী সমিতিগুলোর প্রতিনিধিদের মধ্যে সনদপত্র বিতরণও অন্তর্ভুক্ত থাকবে। এর মাধ্যমে প্রাতিষ্ঠানিক সহায়তা ও আধুনিক পরিকাঠামোর মাধ্যমে তৃণমূল স্তরের ডেয়ারি সমবায়গুলোকে শক্তিশালী করা এবং দুধ উৎপাদনকারীদের ক্ষমতায়নের ওপর সরকারের বিশেষ গুরুত্বের বিষয়টি পুনরায় নিশ্চিত করা হবে। 'মধুর ডেয়ারি ইউনিট-২'-এর উদ্বোধন সমবায়-নেতৃত্বাধীন গ্রামীণ উন্নয়নের গতিকে আরও ত্বরান্বিত করবে, দুগ্ধচাষিদের জন্য জীবিকা নির্বাহের উন্নত সুযোগ সৃষ্টি করবে এবং আধুনিক ও সুস্থায়ী সমবায় মডেলের মাধ্যমে ভারতের দুগ্ধ মূল্য শৃঙ্খলকে শক্তিশালী করতে অবদান রাখবে বলে আশা করা হচ্ছে।

(৫ পাতার পর)

## সুরেন্দ্রনাথ কলেজের কোটি টাকা আত্মসাৎ ছাত্র সংসদের! তদন্ত দাবি করে মুখ্যমন্ত্রীকে চিঠি সজলের

বিশেষ গোষ্ঠীর 'টাকা তোলার লক্ষ্য' ছিল। আমরাও বছরের পর বছর কলেজে ছাত্র সংসদ চালিয়েছি। কিন্তু কখনই এত কোটি কোটি টাকা তহবিলে আসেনি। কীভাবে এল, কেন এল, কে বা কারা দিল? পুরোটাই তদন্ত করার জন্য মুখ্যমন্ত্রীকে অনুরোধ করেছি। সজলের কথায়, "এখনও ওই তহবিলে এক কোটি টাকার বেশি রয়েছে। কীভাবে এই বিপুল পরিমাণ টাকা এল, কেনই বা ছাত্র সংসদকে কলেজ কর্তৃপক্ষ অত টাকা দিয়ে দিল? এই নিয়ে উচ্চ পর্যায়ের তদন্ত করে দুর্নীতিগ্রস্ত ওই টাকা আত্মসাৎকারীদের অবিলম্বে গ্রেপ্তার করার জন্য মুখ্যমন্ত্রীকে অনুরোধ জানিয়ে তথ্য-প্রমাণ পাঠিয়েছি।"

## নেদারল্যান্ডসে বসবাসরত ভারতীয়দের সমাবেশে ভাষণ দিলেন প্রধানমন্ত্রী

স্টাফ রিপোর্টার, রোজদিন

নেদারল্যান্ডস সফরে প্রধানমন্ত্রী শ্রী নরেন্দ্র মোদী দ্য হেগ শহরে ভারতীয়দের একটি সমাবেশে ভাষণ দিলেন। তাঁকে উষ্ণ অভ্যর্থনা জনানো হয় সেখানে।

প্রধানমন্ত্রী তাঁর ভাষণে ডাচ সমাজে ভারতীয়দের অবদানের কথা তুলে ধরেন। সেখানে বসবাসরত ভারতীয়রা

ভারত ও নেদারল্যান্ডসের মধ্যে গুরুত্বপূর্ণ যোগসূত্র বলে উল্লেখ করেন তিনি। সুরিনামি-হিন্দুস্তানি গোষ্ঠীর অবদানের কথা তুলে ধরেন প্রধানমন্ত্রী। নেদারল্যান্ডসের প্রযুক্তির ক্ষেত্রে ভারতীয়দের অবদানের পাশাপাশি ক্রিকেট এবং হকিও দুদেশের বন্ধনকে জোরদার করেছে বলে তাঁর মন্তব্য।

প্রধানমন্ত্রী বলেন যে, ভারত এবং নেদারল্যান্ডসের সম্পর্ক ক্রমেই প্রসারিত হচ্ছে। ভারত-ইইউ মুক্ত বাণিজ্য চুক্তি দ্বিপাক্ষিক অংশীদারিত্ব আরও সুদৃঢ় করবে বলে তিনি আশাবাদী। ২০৪৭ নাগাদ উন্নত দেশ হয়ে ওঠার যাত্রায় ভারত দ্রুত গতিতে এগিয়ে চলেছে বলে ফের উল্লেখ করে প্রধানমন্ত্রী বলেন, সারা বিশ্বের উন্নতিতেই গুরুত্বপূর্ণ অবদান রাখতে চায় এই দেশ। এক্ষেত্রে নেদারল্যান্ডসে বসবাসরত ভারতীয়দের বিশেষ ভূমিকা রয়েছে বলে তিনি মনে করিয়ে দেন।

প্রধানমন্ত্রী আরও বলেন যে, ইউরোপের মূল ভূখণ্ডের দেশগুলির মধ্যে নেদারল্যান্ডসেই সবচেয়ে বেশি সংখ্যক ভারতীয় রয়েছেন। সুরিনামি-হিন্দুস্তানি গোষ্ঠীর সদস্য সংখ্যা ২ লক্ষের বেশি। এঁদের জন্য ভারত সরকারের ওসিআই কর্মসূচি বিশেষ সুবিধাজনক বলে প্রধানমন্ত্রী উল্লেখ করেছেন।

# সিনেমার খবর

## সুপারহিরো সালমান, ১১ বছর পর জুটি বাঁধছেন কারিনার সঙ্গে!

স্টাফ রিপোর্টার, রোজদিন



বলিউড সুপারস্টার সালমান খান এবার প্রথমবারের মতো পর্দায় সুপারহিরো হিসেবে হাজির হতে যাচ্ছেন। আলোচিত নির্মাতা জুটি রাজ এবং ডিকে-র পরিচালনায় নির্মিতব্য এই বিগ বাজেটের এই সিনেমাটি নিয়ে বলিউড পাড়ায় বেশ শোরগোল পড়ে গেছে।

তবে সবচেয়ে বড় চমক হিসেবে শোনা যাচ্ছে, এই ছবিতে সালমানের বিপরীতে অভিনয় করতে পারেন কারিনা কাপুর।

যদি সব ঠিক থাকে, তবে এটি হবে সালমান ও কারিনার একসঙ্গে কাজ করা পঞ্চম সিনেমা। এর আগে তারা ‘বডিগার্ড’ (২০১১), ‘বজরঙ্গি ভাইজান’ (২০১৫), ‘কিঁউ কি...’ (২০০৫) এবং ‘ম্যায় অর মিসেস খন্না’ (২০০৯) ছবিতে একসঙ্গে কাজ করেছেন।

এছাড়া সালমানের ‘দাবাং ২’ ছবিতে জনপ্রিয় আইটেম সং ‘ফেভিকল সে’ আইটেম গানে কারিনাকে পারফর্ম করতে দেখা গিয়েছিল।

সূত্রমতে, এই সুপারহিরো প্রজেক্টের প্রধান নারী চরিত্রের জন্য পরিচালক কারিনা কাপুরের সঙ্গে চূড়ান্ত পর্যায়ের আলোচনা করছেন। যদিও তিনি এখনো আনুষ্ঠানিকভাবে চুক্তিবদ্ধ হননি, তবে চরিত্রের ধরণ শুনে তিনি মৌখিকভাবে বেশ ইতিবাচক সাড়া দিয়েছেন।

## দয়া করে আমার গায়ে রাজনৈতিক রং লাগাবেন না : প্রসেনজিৎ

স্টাফ রিপোর্টার, রোজদিন

পশ্চিমবঙ্গে বিধানসভা নির্বাচনে বিজেপি নিরঙ্কুশ সংখ্যাগরিষ্ঠতা অর্জন করেছে। ফলাফল প্রকাশের পর টলিউডের বিভিন্ন তারকা নিজেদের মতামত প্রকাশ করছেন। এর মধ্যেই অভিনেতা প্রসেনজিৎ চট্টোপাধ্যায়কে নিয়ে একটি খবর ছড়িয়ে পড়ে, যা নিয়ে তৈরি হয় বিভ্রান্তি।

ভারতীয় কয়েকটি গণমাধ্যমে দাবি করা হয়, বিজেপি প্রার্থী ও অভিনেতা রুদ্রনীল ঘোষ জয় পাওয়ার পর তাকে ফোন করে শুভেচ্ছা জানিয়েছেন প্রসেনজিৎ। তবে এই দাবি সরাসরি অস্বীকার করেছেন তিনি।




নিজের ফেসবুক স্ট্যাটাসে এ বিষয়ে ব্যাখ্যা দিয়েছেন প্রসেনজিৎ।

তিনি লিখেছেন, আমি দীর্ঘ বহু বছর ধরে অত্যন্ত সম্মানের সাথে অভিনয় করে আসছি এবং আগামীদিনেও ঠিক একইভাবে কাজ করে যেতে চাই। আপনাদের সকলের কাছে আমার একটাই বিনীত অনুরোধ- দয়া করে আমার গায়ে কোনো রাজনৈতিক রং লাগাবেন না।

তিনি আরও বলেন, আমি কাউকে ফোন করিনি; বরং আমার ছোট ভাই ফোন করেছিল আমাকে। বড় দাদা হিসেবে কাউকে আশীর্বাদ করা আমার কর্তব্য, আর আমি কেবল সেই টুকুই পালন করেছি। এর সাথে রাজনীতির কোনো যোগসূত্র নেই।

উল্লেখ্য, হাওড়া শিবপুর বিধানসভা কেন্দ্রে তৃণমূল প্রার্থী রানা চট্টোপাধ্যায়কে হারিয়ে জয়ী হয়েছেন রুদ্রনীল ঘোষ। এ ঘটনাকে ঘিরেই প্রসেনজিৎকে নিয়ে বিভ্রান্তিকর তথ্য ছড়িয়ে পড়ে, যা পরে নিজেই পরিষ্কার করেন এই জনপ্রিয় অভিনেতা।

## ‘থ্রি ইডিয়টস ২’-এর নতুন ‘ইডিয়ট’ কি ভিকি?




স্টাফ রিপোর্টার, রোজদিন

বলিউডের কালজয়ী সিনেমা থ্রি ইডিয়টস-এর সিক্যুয়েল ঘিরে আবারও আলোচনা তুঙ্গে। ছবির অন্যতম অভিনেতা আমির খান নিজেই জানিয়েছেন, এর পরবর্তী কিস্তি তৈরির কাজ এগোচ্ছে।

নতুন প্রতিবেদনে জানা গেছে, সিক্যুয়েলের গল্পে একটি নতুন মোড় আনা হচ্ছে। আগের তিন ‘ইডিয়ট’-এর সঙ্গে এবার যোগ হতে পারে চতুর্থ একজন চরিত্র, যেখানে দেখা যেতে পারে ভিকি কৌশলকে।

শোনা যাচ্ছে, এই চরিত্রে অভিনয়ের বিষয়ে তিনি আগ্রহী এবং ইতোমধ্যে আমির খান ও পরিচালক রাজকুমার হিরানির সঙ্গে একাধিকবার আলোচনা করেছেন। এমনকি প্রাথমিকভাবে তিনি সম্মতিও জানিয়েছেন, যদিও সবার সময় মিলিয়ে নেওয়াটাই এখন বড় চ্যালেঞ্জ।

গল্পের দিক থেকে ছবিতে প্রায় এক দশকের সময়ের ব্যবধান দেখানো হবে। সেই কারণেই নতুন চরিত্র যুক্ত করার পরিকল্পনা। জানা গেছে, ভিকি তার অন্যান্য কাজ শেষ করেই এই ছবির শুটিংয়ে যুক্ত হবেন।

অন্যদিকে, এক সাক্ষাৎকারে আমির খান জানান, তিনি ইতোমধ্যেই সিক্যুয়েলের গল্প শুনেছেন এবং সেটি তার কাছে অসাধারণ লেগেছে। তার মতে, গল্পটি শক্তিশালী, ভিন্নধর্মী এবং আগের ছবির মতোই হাস্যরসে ভরপুর হবে। যদিও চিত্রনাট্যে এখনও কিছু কাজ বাকি রয়েছে, তবুও নির্মাণ প্রক্রিয়া এগিয়ে চলছে।

এছাড়া, আগের ছবির পরিচিত চরিত্রগুলোকেই আবার দেখা যাবে, তবে গল্পটি এগোবে ১০ বছর পরের সময়কে কেন্দ্র করে। আমির খানও আবার ফুংসুখ ওয়াংড়ু চরিত্রে অভিনয় করতে আগ্রহ প্রকাশ করেছেন।

এদিকে ভিকি কৌশলকে শেষবার দেখা গেছে ২০২৫ সালের সফল ছবি ‘ছাবা’-তে। বর্তমানে তিনি সঞ্জয় লীলা বনশালি পরিচালিত ‘লাভ অ্যান্ড ওয়ার’ ছবির কাজ নিয়ে ব্যস্ত, যেখানে তার সঙ্গে রয়েছেন রণবীর কাপুর ও আলিয়া ভাট। এই প্রজেক্টটিও দর্শকদের কাছে বেশ প্রতীক্ষিত।

# ম্যানসিটির সঙ্গে ২০৩০ পর্যন্ত চুক্তি বাড়াচ্ছেন ফোডেন

স্টাফ রিপোর্টার, রোজদিন

ম্যানচেস্টার সিটির সঙ্গে নতুন চার বছরের চুক্তির বিষয়ে নীতিগতভাবে একমত হয়েছেন ফিল ফোডেন। ২৫ বছর বয়সী এই ফুটবলারের বর্তমান চুক্তির মেয়াদ আগামী গ্রীষ্মে শেষ হওয়ার কথা। তবে, নতুন চুক্তিতে ২০৩০ সাল পর্যন্ত ইতিহাদ স্টেডিয়ামেই থাকছেন তিনি। আরও এক বছর চুক্তি বাড়ানোর সুযোগ রয়েছে।



সাম্প্রতিক মাসগুলোতে চেনা ফর্মে নেই ফোডেন। গত ১৪ ডিসেম্বরের পর কোনো গোল করতে পারেননি তিনি। তা সত্ত্বেও দলের গুরুত্বপূর্ণ এই ফুটবলারের সঙ্গে চুক্তি বাড়াচ্ছে সিটি।

গত সোমবার এভারটনের বিপক্ষে ৬ গোলের নাটকীয় ম্যাচে তিনি বদলি খেলোয়াড় হিসেবে মাঠে নেমেছিলেন। এই ম্যাচের পর ম্যানচেস্টার সিটি লিগ টেবিলের শীর্ষে থাকা আর্সেনালের চেয়ে ৫ পয়েন্ট পিছিয়ে রয়েছে। তবে সিটির হাতে একটি ম্যাচ বেশি আছে।

আসন্ন বিশ্বকাপে থমাস টুখেলের ইংল্যান্ড স্কোয়াডে নিজের জায়গা নিশ্চিত করার অপেক্ষায় রয়েছেন ফোডেন। যদিও গত মাসে কোচ টুখেল জানিয়েছিলেন, স্কোয়াডে ফোডেনের জায়গা নিশ্চিত নয়। অথচ টুর্নামেন্টের আগের শেষ ক্যাম্পের দুটি ম্যাচেই একমাত্র খেলোয়াড় হিসেবে শুরু থেকে খেলেছিলেন তিনি।

মাত্র ১৭ বছর বয়সে পেপ গার্দিওলার অধীনে সিটির মূল দলে অভিষেক হওয়া ফোডেন এখন পর্যন্ত ৩৬৫টি ম্যাচ খেলেছেন। জিতেছেন ৬টি প্রিমিয়ার লিগ ও ১টি চ্যাম্পিয়ন্স লিগসহ বহু শিরোপা।

তার সাম্প্রতিক ফর্ম নিয়ে সমালোচনা থাকলেও ইংল্যান্ডের সাবেক অধিনায়ক ওয়েন রুনির মতে, ফোডেনকে সিটির হয়ে প্রতিটি ম্যাচেই খেলানো উচিত। বিবিসির এক অনুষ্ঠানে রুনি বলেন, ফোডেনের মতো প্রতিভাবান খেলোয়াড়কে বেঞ্চে বসে থাকতে দেখাটা সুখকর নয়। খারাপ সময়ে তাকে বসিয়ে না রেখে টানা খেলিয়ে যাওয়াটাই শ্রেয়।

রুনির মতে, গার্দিওলা হয়তো রক্ষণভাগে বাড়তি সহায়তার জন্য ডোকু বা সেমেনিওর মতো গতিশীল খেলোয়াড়দের অগ্রাধিকার দিচ্ছেন। তবে ফোডেনের খেলার ধরন ও জায়গা খুঁজে নেওয়ার ক্ষমতা অনন্য।

## পাঁচ মাসের জন্য মাঠের বাইরে ফরাসি ডিফেন্ডার



স্টাফ রিপোর্টার, রোজদিন

চোটের কারণে দীর্ঘ সময়ের জন্য মাঠের বাইরে ছিটকে গেছেন ফেরল্যান্ড মেন্ডি। রিয়াল মাদ্রিদের এই ফরাসি ডিফেন্ডারকে প্রায় পাঁচ মাস মাঠের বাইরে থাকতে হতে পারে বলে জানিয়েছে ক্লাব সূত্র।

লা লিগার ম্যাচে এস্পানিওলের বিপক্ষে ২-০ গোলের জয়ে শুরুর একাদশে ছিলেন মেন্ডি। তবে ম্যাচের ১৪তম মিনিটেই ডান পায়ের মাংসপেশিতে অস্বস্তি অনুভব করে মাঠ ছাড়তে বাধ্য হন তিনি।

পরদিন ক্লাবের অনুশীলন কেন্দ্র ভ্যালদেবেবাসে পরীক্ষায় নিশ্চিত হওয়া যায়, তার ডান পায়ের রেক্টাস ফেমোরিস টেনডনে চোট লেগেছে। এক সংক্ষিপ্ত বিবৃতিতে রিয়াল মাদ্রিদ জানায়, তার সুস্থতা পর্যবেক্ষণে রাখা হয়েছে।

ক্লাব সূত্রে জানা গেছে, চোটটি গুরুতর হওয়ায় অস্ত্রোপচারের প্রয়োজন হতে পারে। সেক্ষেত্রে প্রায় পাঁচ মাসের জন্য মাঠের বাইরে থাকতে পারেন ৩০ বছর বয়সী এই ডিফেন্ডার।

উল্লেখ্য, এক বছর আগেও একই ধরনের চোটে পড়েছিলেন মেন্ডি। তখন অস্ত্রোপচার করিয়ে প্রায় ছয় মাস মাঠের বাইরে ছিলেন তিনি। চলতি মৌসুমেও ইনজুরির কারণে খুব বেশি ম্যাচ খেলতে পারেননি; সব মিলিয়ে মাত্র ৯টি ম্যাচে অংশ নিয়েছেন।

২০১৯ সালে রিয়াল মাদ্রিদে যোগ দেওয়ার পর থেকেই চোট-সমস্যা পিছু ছাড়েনি তার। বর্তমান পরিস্থিতিতে ধারণা করা হচ্ছে, এই চোটের কারণে তার ২০২৫-২৬ মৌসুম শেষ হয়ে গেছে। এমনকি আগামী মৌসুমের শুরুর দিকের ম্যাচগুলোতেও তাকে পাওয়া যাবে না।

এদিকে ২০২৪ সালের গ্রীষ্মে চুক্তি নবায়ন করলেও তা আনুষ্ঠানিকভাবে ঘোষণা করেনি রিয়াল মাদ্রিদ। তবে জানা গেছে, ২০২৭ সাল পর্যন্ত ক্লাবটির সঙ্গে চুক্তি বাড়িয়েছেন মেন্ডি।

মেন্ডির পাশাপাশি চোটের কারণে অনিশ্চয়তায় রয়েছেন এদের মিলিতাও, আর্দা গুলের ও রদ্রিগো। এছাড়া বর্তমানে দলে নেই কিলিয়ান এমবাপ্পে ও দানি কার্ভাহাল।

আগামী রবিবার লিগের শীর্ষে থাকা বার্সেলোনার মাঠে গুরুত্বপূর্ণ ম্যাচ খেলতে নামবে রিয়াল মাদ্রিদ।

## নেইমারের কারিগরি দক্ষতা মেসি-রোনালদোর চেয়েও বেশি: কাফু



স্টাফ রিপোর্টার, রোজদিন

২০২৬ বিশ্বকাপ ফুটবলকে সামনে রেখে ব্রাজিলিয়ান মহাতারকা নেইমার জুনিয়রকে নিয়ে বিস্ফোরক মন্তব্য করেছেন সেলেসাও কিংবদন্তি কাফু। দুইবারের বিশ্বকাপ জয়ী এই অধিনায়ক মনে করেন, বিশ্বের অন্যতম সেরা দুই ফুটবলার লিওনেল মেসি এবং ক্রিশ্চিয়ানো রোনালদোর চেয়েও একটি বিশেষ দিকে নেইমার এগিয়ে আছেন। কাফুর মতে, কারিগরি (টেকনিক্যাল) দক্ষতার বিচারে নেইমার এই দুই মহাতারকার তুলনায় অধিকতর প্রতিভাশালী। সাবেক এই রাইট ব্যাকের এমন মন্তব্য ফুটবল বিশ্বে নতুন করে বিতর্কের জন্ম দিয়েছে।

দ্যা টাইমসকে দেওয়া এক সাক্ষাৎকারে কাফু বলেন, ফুটবলের টেকনিক্যাল দিক বিবেচনায় নেইমার অন্য যেকোনো খেলোয়াড়ের চেয়ে শ্রেষ্ঠ। তিনি বিশ্বাস করেন, মেসি এবং রোনালদো বিশ্ব ফুটবলে যে উচ্চতা অর্জন করেছেন তা অনস্বীকার্য হলেও বলের ওপর নিয়ন্ত্রণ এবং ব্যক্তিগত মুন্সিয়ানার ক্ষেত্রে নেইমার তাদের ছাড়িয়ে গেছেন। কাফুর ভাষায়, নেইমার যদি শারীরিকভাবে পুরোপুরি সুস্থ থাকেন, তবে যেকোনো মুহূর্তেই ম্যাচের মোড় ঘুরিয়ে দেওয়ার সক্ষমতা রাখেন তিনি।

তবে বিশ্বকাপে নিজের জায়গা সুনিশ্চিত করতে নেইমারকে এখন ফিটনেসের কঠিন পরীক্ষায় উত্তীর্ণ হতে হবে।

বর্তমানে নেইমার তার পুরনো ক্লাব সান্তোসে খেলছেন এবং ২০২৬ বিশ্বকাপের ব্রাজিল দলে জায়গা পাওয়ার জন্য লড়াই করছেন। ইনজুরির কারণে দীর্ঘদিন মাঠের বাইরে থাকায় জাতীয় দলে তার অন্তর্ভুক্তি নিয়ে এখনও কিছুটা অনিশ্চয়তা রয়ে গেছে। ব্রাজিল দলের বর্তমান কোচ কার্লো আনচেলত্তি সাফ জানিয়ে দিয়েছেন, শুধুমাত্র শতভাগ ফিট খেলোয়াড়দেরই তিনি স্কোয়াডে রাখবেন। এমতাবস্থায় কিংবদন্তি কাফু মনে করেন, আনচেলত্তি এবং নেইমারের নিজের ওপরই নির্ভর করছে আসন্ন আসরে তার খেলার বিষয়টি।

● স্বত্বাধিকারী, প্রকাশক এবং মুদ্রক : মৃত্যুঞ্জয় সরদার কর্তৃক প্রকাশিত এবং ১৬বি, নবীন কুন্ডু লেন, কলেজ রো, কলেজ স্ট্রীট, কলকাতা-৭০০০০৯ এবং ১৯ডি, জামির লেন, কলকাতা-৭০০০১৯ থেকে ডিজিটাল মুদ্রিত ● সম্পাদক : মৃত্যুঞ্জয় সরদার, ফোন : ৯৫৬৪৩৮২০৩১
● Printed, Published and Owned by MRITYUNJOY SARDAR ● Printed by Queen Press - Hedia, P.O. : Uttar Moukhali, P.S. : Jibantala, Dist. : South 24 Parganas, Pin : 743329
and Published at 16 B, Nabin Kundu Lane, College Row, College Street, Kolkata -700009 & 19D, Jamir Lane, Kolkata -700 019 ● Phone : 9564382031 Email : durodristhi@gmail.com Editor : MRITYUNJOY SARDAR